

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/বরিঃ বিঃ/শৃংখলা-৫৬/২০১৬/

তারিখঃ ০৫/২০১৭ ইং


কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মরিয়ম আক্তার, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার সাপলেজা ইউনিয়নের সাবেক ০১ নং ওয়ার্ডের কচুবাড়িয়া মাজেদ দফাদার বাড়ী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ৩০/০৬/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনার কর্মস্থল পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার সাপলেজা ইউনিয়নের সাবেক ০১ নং ওয়ার্ডের কচুবাড়িয়া মাজেদ দফাদার বাড়ী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ৩০/০৬/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মঠবাড়িয়া, পিরোজপুর পত্র মারফত সিবিএইচসি কার্যালয়কে অবগত করেন যে, আপনি গত ৩০/০৬/২০১৬ ইং তারিখ হতে অননুমোদিতভাবে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় স্থানীয় কর্তৃপক্ষ কয়েকবার আপনাকে কৈফিয়ত তলব সহ কর্মস্থলে যোগদানের নির্দেশ দেওয়ার সত্ত্বেও আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল না করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এহেন দায়িত্বহীন কার্যকলাপ এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি এবং স্থানীয় কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে দায়িত্বে অবহেলা এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য ;

সেহেতু, কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবেনা বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবেনা। এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(ডাঃ মোঃ আবুল হাসেম খান)


লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/বরিঃ বিঃ/শৃংখলা-৫৬/২০১৬/ ৪৬২/১০০

তারিখঃ ৫/০৬/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, পিরোজপুর।
৪. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মঠবাড়িয়া, পিরোজপুর (অভিযুক্ত কর্মচারীর নিকট কারণ দর্শানো নোটিশের কপি পৌছানো এবং বেতন-ভাতা বন্ধ রাখার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মঠবাড়িয়া, পিরোজপুর।
৮. কর্মস্থলঃ- জনাব মরিয়ম আক্তার, সিএইচসিপি, কচুবাড়িয়া মাজেদ দফাদার বাড়ী কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন-সাপলেজা, মঠবাড়িয়া, পিরোজপুর
৯. স্থায়ী ঠিকানাঃ- জনাব মরিয়ম আক্তার, সিএইচসিপি, গ্রাম- কচুবাড়িয়া, ডাকঘর- দক্ষিণ চড়কগাছিয়া, মঠবাড়িয়া, পিরোজপুর।
১০. অফিস কপি।


(ডাঃ পূর্নশীল কুমার দাস)
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।